

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫২.২০১৮- ৪৬৮

তারিখঃ ২৪ অক্টোবর ১৪২৭ বঙ্গাব্দ  
০৭.১২.২০২০ খ্রি.

### আদেশ

যেহেতু ডা. নীহার রঞ্জন বৈদ্য (১২০৩৬০), সহকারী সার্জন, ১০০ শয্যা বিশিষ্ট ঝেলা সদর হাসপাতাল, বরগুনা তার প্রাক্তন কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গৌরনদী, বরিশালে কর্মরত থাকাকালে জৈনিক লক্ষণ বৈদ্য নামের একজন রোগীকে ভুয়া মেডিকেল সনদ (জখমি সনদ) প্রদান করেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু স্থানীয় স্বাস্থ্য বিভাগের তদন্তে অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ার প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে ১৬.০৯.২০১৮ খ্রি. তারিখের ৩২৭ নং স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের প্রেক্ষিতে দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু তার আবেদনের প্রেক্ষিতে গত ০৬.১২.২০১৮ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা ডা. নীহার রঞ্জন বৈদ্য ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন;


যেহেতু অভিযোগটি তদন্তের জন্য সিভিল সার্জন, বরিশালকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তিনি সরেজমিন তদন্তের পর প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে অনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক তাকে তিরস্কার লঘুদণ্ড আরোপ করা হলো। এ সঙ্গে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
০৭.১২.২০২০  
(মো. আবদুল মান্নান)  
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫২.২০১৮- ৪৬৮/২ (৩৪)

তারিখঃ ০৭.১২.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি স্বাস্থ্য সেবা বিভাগের শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের অনুরোধসহ}
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

- ৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)
- ৭। তত্ত্বাবধায়ক, ১০০ শয্যাবিশিষ্ট জেলা সদর হাসপাতাল, বরগুনা
- ৮। সিভিল সার্জন, বরিশাল
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গৌরনদী, বরিশাল
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১৩। ডা. নীহার রঞ্জন বৈদ্য (১২০৩৬০), সহকারী সার্জন, ১০০ শয্যাবিশিষ্ট জেলা সদর হাসপাতাল, বরগুনা
- ১৪। অফিস কপি

০২.১২.২০২০  
(মোঃ শাহাদত হোসেন কবির)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
[disc@hds.gov.bd](mailto:disc@hds.gov.bd)